**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যের জাতি-জনজাতির অন্যতম ঐতিহ্যবাহী উৎসব গড়িয়া পূজা আগামীকাল থেকে শুরু হচ্ছে।**
**(২) সরকার আজ জানিয়েছে, চলমান পশ্চিম এশীয় সংকটের কারণে সৃষ্ট বিঘ্ন সত্বেও সারাদেশে গার্হস্থ্য এলপিজি সরবরাহ স্থিতিশীল রয়েছে।**
**(৩) জাতীয় মহাসড়ক সম্প্রসারণ নিয়ে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত।**
**(৪) মুখ্যসচিব জে কে সিনহা বলেছেন, উদ্ভাবন ও উদ্যোগভিত্তিক বিকাশের মাধ্যমে ত্রিপুরাকে স্টার্টআপের অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলাই সরকারের লক্ষ্য।**

***************************

**Garia Puja :**

রাজ্যের জাতি-জনজাতির অন্যতম ঐতিহ্যবাহী উৎসব গড়িয়া পূজা আগামীকাল থেকে শুরু হচ্ছে। বিশেষত জনজাতি ও জমাতিয়া সম্প্রদায়ের কাছে এই পূজা বিশেষ তাৎপর্যপূর্ণ। পারিবারিক সুখ সমৃদ্ধি ও ভালো ফসলের কামনায় এই পূজার আয়োজন করা হয়। রাজধানী আগরতলাসহ রাজ্যের বিভিন্ন অংশে এই পুজা উপলক্ষে বাঁশের কারুকাজময় মন্ডপ তৈরি করা হয়। জনজাতি অংশের জনগণ বিভিন্ন উপকরন সহ মণ্ডপে মণ্ডপে পূজো দেন। চিরাচরিত প্রথা অনুযায়ী জমাতিয়া সম্প্রদায়ের পরিচালক সংগঠন জমাতিয়া হদার উদ্যোগে চৈত্র সংক্রান্তি থেকে এই পূজা শুরু হয়। এবছর গোমতী জেলার পিত্রা এবং তেলিয়ামুড়ার গর্জনতলীর ওয়াকসিমালুঙ-এ এই উপলক্ষে আগামীকাল বিশেষ পূজার আয়োজন করা হয়েছে। গ্রামে গড়িয়া দেবতাকে নিয়ে পরিক্রমার রীতি রয়েছে। গড়িয়া

পূজা উপলক্ষে জমাতিয়া অংশের নাগরিকরা নানা রকম পিঠে তৈরি করেন ও নানা ধরনের খাদ্যসামগ্রী তৈরি করেন।

***************************

**Voice Over-Garia :**

রাত পোহালেই বাবা গড়িয়া বা গড়িয়া দেবতার পুজো। ত্রিপুরার আদিবাসিন্দা জনসমাজের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পার্বনগুলোর একটি। মূলত সংসারের মঙ্গল কামনা, ফসলের ভালো ফলন এবং রোগ জীবাণুর আক্রমন থেকে সুরক্ষায় রাজন্য ত্রিপুরা বা এর আদিকাল থেকে এই পুজো ও প্রার্থনার আয়োজনে সামিল হয়ে আসছেন জমাতিয়া, ত্রিপুরী, রিয়াং ছাড়াও হালাম এবং কুকি সম্প্রদায়ের গরিষ্ঠ অংশের মানুষ। এনিয়ে একটি প্রতিবেদন।

######VC#####

*************************

**Petroliam Ministry :**

সরকার আজ জানিয়েছে যে, চলমান পশ্চিম এশীয় সংকটের কারণে সৃষ্ট বিঘ্ন সত্ত্বেও সারাদেশে গার্হস্থ্য এলপিজি সরবরাহ স্থিতিশীল রয়েছে। আজ নতুনদিল্লিতে একটি আন্তঃমন্ত্রণালয় ব্রিফিংয়ে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয়ের সচিব সুজাতা শর্মা একথা জানান। বন্দর ও নৌপরিবহন মন্ত্রণালয়ের পরিচালক মনদীপ সিং রান্ধাওয়া জানিয়েছেন যে, ৯৭ হাজার মেট্রিক টনেরও বেশি অপরিশোধিত তেল বহনকারী ভারতীয় পতাকাবাহী অপরিশোধিত তেলবাহী ট্যাঙ্কার 'দেশগরিমা' গত ১৮ই এপ্রিল নিরাপদে হরমুজ প্রণালী অতিক্রম করেছে।

পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব অমিত শুক্লা জানিয়েছেন, প্রস্তাবিত ভিবি-জি রাম জি আইন, ২০২৫ কার্যকর না হওয়া পর্যন্ত মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন, ২০০৫ সম্পূর্ণরূপে কার্যকর

থাকবে এবং এক্ষেত্রে গ্রামীণ পরিবারগুলিকে মজুরিভিত্তিক কর্মসংস্থান প্রদানে কোনো ব্যাঘাত ঘটবে না বলে তিনি আশ্বাস দেন।

***************************

**Akshyay Tritiya :**

অক্ষয় তৃতীয়ার পুণ্য তিথিতে আজ সকাল থেকেই আগরতলায় জগন্নাথ বাড়ি, লক্ষ্মীনারায়ণ মন্দির, রামঠাকুর আশ্রম সহ বিভিন্ন মন্দিরে ভক্তদের ভিড় লক্ষ্য করা যায়। ব্যবসায়ীরা নতুন বছরের ব্যবসায়িক সূচনা উপলক্ষে হালখাতা যাত্রা করতে মন্দিরে ভিড় জমান। অক্ষয় তৃতীয় উপলক্ষ্যে সবকটি মন্দিরে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়।

*************************

**Chandan Yatra :**

অক্ষয় তৃতীয়া উপলক্ষে আজ থেকে আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে শুরু হয়েছে চন্দন যাত্রা উৎসব। ২১ দিন ব্যাপী এই উৎসব চলবে আগামী ১০ই মে পর্যন্ত। আজ বিকেলে শ্রী রাধাকৃষ্ণের বিগ্রহ নিয়ে জগন্নাথ জিউ মন্দির থেকে শোভাযাত্রা বের করা হয়।

***************************

**Haj Yatri :**

রাজ্যের ৭৪ জন হজ যাত্রী আজ আগরতলা থেকে বিমানে মক্কা ও মদিনার উদ্দেশ্যে রওনা হয়েছেন। ত্রিপুরা হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম আজ এখবর জানিয়েছেন।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Review Meeting :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ সচিবালয়ে খয়েরপুর থেকে চম্পকনগর পর্যন্ত জাতীয় মহাসড়ক এন.এইচ-৮ সম্প্রসারণের বিষয়ে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মন্ত্রী শ্রী চৌধুরী গুণমান বজায় রেখে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রকল্পের কাজ শেষ করার জন্যে নির্দেশ দেন। বৈঠকে পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যে, নির্মাণকারী সংস্থা এন.এইচ.আই.ডি.সি.এল ও পূর্ত দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*************************

**Workshop-Chief Secretary :**

ত্রিপুরায় স্টার্টআপ ও উদ্ভাবন পরিকাঠামোকে শক্তিশালী করতে তথ্য প্রযুক্তি দপ্তরের উদ্যোগে আজ হাঁপানিয়ার টি-নেস্ট অডিটোরিয়ামে কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, উদ্ভাবন ও উদ্যোগভিত্তিক বিকাশের মাধ্যমে ত্রিপুরাকে স্টার্টআপের অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলাই সরকারের লক্ষ্য। স্টার্টআপ ও বিনিয়োগের এক উদীয়মান কেন্দ্র হিসেবে গড়ে তুলতে সরকার নানা পদক্ষেপ নিচ্ছে বলেও তিনি বলেছেন। তিনি উদ্যোক্তা, ছাত্রছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে সক্রিয়ভাবে এই উদ্যোগের সঙ্গে যুক্ত হয়ে রাজ্যের উন্নয়নে

বাস্তবসম্মত সমাধান তৈরি করার আহ্বান জানান। পাশাপাশি যুবসমাজের মধ্যে বৈজ্ঞানিক মনোভাব ও স্টার্টআপ-ভিত্তিক চিন্তাধারা গড়ে তোলার উপরও জোর দেন তিনি। আই.টি দপ্তরের সচিব কিরন গিত্তে বলেন, New Generation Innovation Network-এর মতো প্রকল্পগুলি শিক্ষাপ্রতিষ্ঠানে উদ্ভাবনকে উৎসাহিত করছে।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আধুনিক পরিকাঠামোই রাষ্ট্র গঠনের মূল ভিত্তি। এতে যেমন পরিবহন ব্যয় কমায়, বাণিজ্য বাড়ায়, বিনিয়োগ আকর্ষণ করে এবং উৎপাদনশীলতাও বৃদ্ধি করে। আজ রাষ্ট্রপতি ভবনে ভারতীয় রেলওয়ের নবনিযুক্ত প্রশিক্ষণার্থী কর্মকর্তা এবং কেন্দ্রীয় সড়ক প্রকৌশল পরিষেবার সহকারী নির্বাহী প্রকৌশলীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এই কথা বলেন। তিনি আরও বলেন, রেল ও সড়ক যোগাযোগ দেশের প্রত্যন্ত অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এগুলো শুধু পরিবহন ব্যবস্থা নয়, বরং অর্থনৈতিক সম্প্রসারণ, সামাজিক অন্তর্ভুক্তি ও জাতীয় ঐক্যের মাধ্যম।

*****************************

**C. P. Radhakrishnan :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন তাঁর দুই দিনের শ্রীলঙ্কা সফরের দ্বিতীয় দিনে আজ নুয়ারা এলিয়ায় পৌঁছান। সেখানে স্থানীয় জনগণ তাঁকে ঐতিহ্যবাহী ও উষ্ণ অভ্যর্থনা জানান। সফরকালে উপরাষ্ট্রপতি ভারতীয় আবাসন প্রকল্পের আওতায় নির্মিত গৃহগুলি পরিদর্শন করেন। এই প্রকল্পটি শ্রীলঙ্কায় ভারতীয় বংশোদ্ভূত তামিল সম্প্রদায়ের জীবনমান উন্নয়নের লক্ষ্যে ভারতের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। তিনি স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন এবং তাঁদের সমস্যা ও অভিজ্ঞতা শোনেন। এর আগে গতকাল উপরাষ্ট্রপতি শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিসানায়েক এবং প্রধানমন্ত্রী

হারিনি অমরাসুরিয়ার সঙ্গে বৈঠক করেন। বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয় এবং পারস্পরিক অগ্রাধিকারের ক্ষেত্রগুলো পুনর্ব্যক্ত করা হয়। উল্লেখ্য উপরাষ্টপতির এই সফর শ্রীলঙ্কায় ভারতীয় বংশোদ্ভূত তামিলদের কল্যাণে ভারতের অঙ্গীকারকে আরও সুদৃঢ় করেছে এবং দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ককে আরও গভীর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মনে করা হচ্ছে।

***************************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা, ধলাই জেলা, ঊনকোটি ও পশ্চিম জেলায় বজ্র বিদ্যুৎ এবং ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

****************************